

09

Chapter

PREPOSITION

English
Bichitra

Part 1

Rules in Details

'Pre' অর্থ পূর্বে আর 'position' অর্থ অবস্থান। যে word, noun বা pronoun এর পূর্বে বসে বাক্যের অন্য পদের সঙ্গে সম্বন্ধ প্রকাশ করে, তাকে preposition বলে। Preposition এর পরে ব্যবহৃত noun বা pronoun কে preposition এর object বলে।

➤ **Preposition** এর শ্রেণিবিভাগ: Preposition কে ৬ ভাগে ভাগ করা হয়।

Preposition	Simple	at, in, off, on, to, with, after etc.
	Double	into, upon, without, etc.
	Compound	above, along, inside, around, before, behind, below etc.
	Participle	assuming, barring, considering, during, given etc.
	Phrase	in front of, instead of, on account of etc.
	Disguised	It is ten O' clock, এখানে 'O' of এর সংক্ষিপ্ত রূপ।

- Simple Preposition:** এ ধরনের preposition বিশ্লেষণ করা যায় না ও এরা একটি শব্দযোগে গঠিত হয়। Ex: by, from, through, of, etc.
- Double Preposition:** দুইটি আলাদা preposition যখন একযোগে গঠিত হয়ে একটি preposition গঠন করে তাকে double preposition বলে। Ex: on+ to = onto, out + of = outof, with + in = within.
- Compound preposition:** কোনো noun, adjective বা adverb এর আগে কোনো simple preposition যুক্ত হয়ে যে preposition গঠিত হয় তাকে compound preposition বলে। Ex: about = on (= a) + by (= b) + out, between = by (= be) + tween.
- Participle preposition:** Present participle (verb + ing) এবং past participle (V₃) যখন preposition এর মতো ব্যবহৃত হয় তাকে participle preposition বলে। Ex: (i) Reading this matter I know nothing. (ii) The Karatoa flows past our village.
- Phrase Preposition:** দুই বা ততোধিক word একত্রে যখন একটি মাত্র parts of speech এর মত বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে phrase বলে। Phrase এ কোনো finite verb থাকে না। সূত্রাং যে phrase, দুটি শব্দের মধ্যে preposition হিসাবে বসে সম্পর্ক স্থাপন করে তাকে phrase preposition বলে। Ex: because of, as for, in spite of etc.
- Disguised Preposition:** যখন Preposition টি সরাসরি না বসে অন্য কোন শব্দ বসিয়ে Preposition এর কাজ করে তখন তাকে disguised preposition বলে। Ex: The poor man went a (on) begging.

Note কিছু ক্ষেত্রে 'on' preposition টির পরিবর্তে 'a' ব্যবহৃত হয় এবং 'of' preposition এর পরিবর্তে 'o' ব্যবহৃত হয়, এগুলো disguised preposition.

☐ কিছু গুরুত্বপূর্ণ Preposition এর ব্যবহার, পার্থক্য ও মনে রাখার সহজ উপায়:

ইতিবাচক অবস্থান বা গন্তব্যের ক্ষেত্রে	at, on, onto, in, into, to
উৎস বা নেতিবাচক অবস্থান বোঝাতে	away, from, of, off, out
পারস্পরিক অবস্থান বোঝাতে	above, below, beneath, over, under
দূরত্ব মূলক অবস্থান বোঝাতে	across, down, past, through, up
কোনো কিছু হতে বা ফলশ্রুত অর্থে	from, of, out
সময় প্রকাশে	at, by, in, on
লক্ষ্য বোঝাতে	at, for, towards
স্থায়িত্ব বোঝাতে	after, before, by, during, for, in, over, through, throughout, upto, since, till, until, within
উদ্দেশ্য বা গন্তব্য বোঝাতে	to, for
উপায় বোঝাতে	by, with, without
সাথে বোঝাতে	with, together with
সমর্থন বা বিরোধিতা জ্ঞাপনে	for, with, against
প্রতিক্রিয়া বোঝাতে	at, to

Differences of Some Important Preposition

At vs In

At	In
<ul style="list-style-type: none"> ছোট স্থান বা সময়ের পূর্বে at বসে। Ex: He lives at Nikunja. Note সময়ের পূর্বে at ব্যবহৃত হলে the বসে না। যেমন: night, noon, dusk, dawn ইত্যাদির পূর্বে at বসে। ২৪ ঘন্টার ছোট সময় (সকাল, দুপুর, বিকাল, সন্ধ্যা, রাত, ঘড়ির সময়) ইত্যাদির পূর্বে at বসে। 	<ul style="list-style-type: none"> বড় স্থানের পূর্বে in বসে। Ex: She lives in Bangladesh. ২৪ ঘন্টার বড় সময় (দিন, সপ্তাহ, মাস, বছর, সাল) ইত্যাদির পূর্বে in বসে। Ex: in 1940, in February etc. Note সকাল, হতে সন্ধ্যা অবধি সময়ের পূর্বে the থাকলে in বসে। Ex: in the morning.
Note দিবস, তারিখ, সাপ্তাহিক বারের পূর্বে on বসে। Ex: on Sunday, on 19 th February.	

In/On/To

In	On	To
<ul style="list-style-type: none"> সীমার মধ্যে বোঝাতে in ব্যবহৃত হয়। Ex: University of Dhaka is in the heart of the country. 	<ul style="list-style-type: none"> সীমার উপরে বোঝাতে on ব্যবহৃত হয়। Ex: Chandpur is on Meghna. 	<ul style="list-style-type: none"> সীমার বাইরে বোঝাতে to ব্যবহৃত হয়। Ex: The Bay of Bengal is to the southeastern of the country.

In vs Into

In	Into
<ul style="list-style-type: none"> কোন কিছু ভিতরে অবস্থিত বা স্থিতিশীলতা বুঝাতে in হয়। Ex: The students are in the room. 	<ul style="list-style-type: none"> ভেতরে প্রবেশ বা গতিশীলতা এবং রূপান্তরিত হওয়া বুঝাতে into বসে। Ex: The teacher entered into the classroom.

Between vs Among

Between	Among
<ul style="list-style-type: none"> দুই এর মধ্যে বা পরস্পর বোঝাতে between ব্যবহৃত হয়। Ex: Negotiations between the member states collapsed last night. 	<ul style="list-style-type: none"> দুই এর অধিক বুঝাতে among ব্যবহৃত হয়। Ex: She only ever felt comfortable when she was among her friends.

By vs With

By	With
<ul style="list-style-type: none"> ব্যক্তি দ্বারা কিছু করা বুঝাতে by বসে। Ex: Most children are strongly influenced by their parents. By দ্বারা নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন করা বোঝায়। Ex: I will reach there by sunday. 	<ul style="list-style-type: none"> বস্তু দ্বারা কিছু করা বুঝাতে with বসে। Ex: The jam sandwiches were made with white bread.

Since/for/from

Since	From	For
<ul style="list-style-type: none"> কোনো কাজ পূর্বে শুরু হয়ে শেষ হয়নি বোঝাতে since বসে। অতীতের নির্দিষ্ট সময় (point in time) এবং perfect বা perfect continuous Tense এর ক্ষেত্রে since বসে। Ex: It has been raining since morning. 	<ul style="list-style-type: none"> Since এবং form কোনোকিছু শুরু করা বা হওয়া বোঝায়, কিছু since দ্বারা শুরু হওয়া বোঝালেও শেষ বোঝায় না। From একটু ভিন্ন অর্থ দেয়, present এবং Future tense এর জন্য ব্যবহার হয়। Ex: The shop is open from 9 a.m on Saturdays. 	<ul style="list-style-type: none"> Duration of time (সময়ের ব্যাপকতা) বা period of time বোঝাতে for বসে। For নির্দিষ্ট সময়কে উল্লেখ করে (for + a time of period). Ex: We have lived in this house for thirty years.

Except vs Without

Except	Without
<ul style="list-style-type: none"> বাদ দেয়া বা ব্যতীত/ ছাড়া বুঝাতে except ব্যবহৃত হয়। Ex: I like all kinds of fruit except pineapple. 	<ul style="list-style-type: none"> ছাড়া বা নেই অর্থে without ব্যবহৃত হয়। Ex: I won't start eating without washing my hand.

Beside vs Besides

Beside	Besides
<ul style="list-style-type: none"> কাছে বা পাশে বুঝাতে beside বসে। Ex: i. Riya was sitting beside me. ii. The school was situated beside a river. 	<ul style="list-style-type: none"> এ ছাড়া বা এর সাথে/ অধিক কিছু বুঝাতে besides ব্যবহৃত হয়। Ex: i. Besides rose, I like many other flowers. ii. Tumpa has many other hobbies besides traveling.

Before vs After

Before	After
<ul style="list-style-type: none"> ভবিষ্যৎকালের ব্যাপক সময়ের নির্দিষ্টতা বুঝাতে by/ before বসে। পূর্বে কিছু ঘটনা অর্থেও before বসে। Ex: <ol style="list-style-type: none"> I shall have finished reading the book by or before 5pm. The day before yesterday. 	<ul style="list-style-type: none"> অতীত কালের ব্যাপক সময় (period of time) বুঝাতে after বসে। Past Tense এ ব্যবহৃত হয়। Ex: <ol style="list-style-type: none"> He returned to his country after 2 years. Her father died after two months.

On/Above/Over

On	Above	Over
<ul style="list-style-type: none"> কোনো কিছু অবিচ্ছিন্নভাবে উপরে আছে বুঝালে on বসে। Ex: Most people put butter on their toast. 	<ul style="list-style-type: none"> কোনো কিছু বিচ্ছিন্নভাবে উপরে স্থির আছে বুঝালে above বসে। Ex: Tamal lives above the pizza shop. 	<ul style="list-style-type: none"> কোনো কিছু উপরে বিচ্ছিন্নভাবে গতিশীল থাকলে over বসে। Ex: The clock is over the cupboard.

Under vs Below

Under	Below
<ul style="list-style-type: none"> অবিচ্ছিন্নভাবে নিচে আছে বুঝালে under হয়। Ex: Keep the basket under the table. 	<ul style="list-style-type: none"> কোনো কিছু নিচে স্পর্শ করে আছে এরূপ বোঝাতে below ব্যবহৃত হয়। Ex: There is a bag below the box.

Within vs In

Within	In
<ul style="list-style-type: none"> ভবিষ্যৎকালে ব্যাপক সময় উল্লীর্ণ হবার পূর্বে বুঝাতে within ব্যবহৃত হয়। Ex: We will do the project within a month. 	<ul style="list-style-type: none"> ভবিষ্যৎকালে ব্যাপক সময়ের মধ্যে (period of time) বুঝাতে in ব্যবহৃত হয়। Ex: Rima will finish the work in a week. ভবিষ্যৎকালে ব্যাপক সময়ের শেষ মুহূর্ত বুঝাতে in ব্যবহৃত হয়। Ex: Soheli will come in a week.

Note সময়ের পূর্বে in ব্যবহার করলে the বসে। Morning, evening, afternoon ইত্যাদির পূর্বে in বসে। Ex: He went there at 7 o'clock in the evening.

কোনো কিছু করার উদ্দেশ্যে অর্থ প্রকাশ করতে এই দুটি Phrase ব্যবহৃত হয়।

In order to /With a view to

In order to	With a view to
<ul style="list-style-type: none"> In order to এর পর verb এর base form ব্যবহৃত হয়। Ex: He went to market in order to buy a shirt. 	<ul style="list-style-type: none"> With a view to এর পরে verb এর ing form ব্যবহৃত হয়। Ex: He went to market with a view to observing price.

Ago vs Before

Ago	Before
<ul style="list-style-type: none"> বর্তমানের আগে কোনো ঘটনা বুঝাতে ago ব্যবহৃত হয়। Past simple sentence এ সাধারণত ago বসে। Ex: He joined army 2 years ago. 	<ul style="list-style-type: none"> অতীতে/ পূর্বে এর কোনো ঘটনা বোঝাতে before বসে। Past perfect tense এ before বসে। Ex: The patient had died before the doctor came.

Note ভবিষ্যৎকালেও before বসে। যেমন: she had to rest before dinner.

Use of Prepositions

To এর ব্যবহার :

নির্দিষ্ট কোনো স্থান বা বিন্দুতে গন্তব্য বোঝাতে	Liton went to the market.
পর্যন্ত অর্থে	Life means waiting from birth to death.
অনুযায়ী অর্থে	It is brought to my choice.
কারো বরাবর বোঝাতে	Write a letter to your friend.
অনুপাত বোঝাতে	I need a room of 5 feet to 8 feet.
মুখোমুখি ও ঘেঁষাঘেঁষি অর্থে	Talk to him face to face.
Of বা এর পরিবর্তে	Industry is the key to success.
প্রতি বা উদ্দেশ্য অর্থে	We invited him to the party.
সময় বাকি আছে বোঝাতে	It is quarter to ten.
পরিণতি পর্যন্ত বোঝাতে	Burn the paper to ashes.
সীমানা বরাবর বোঝাতে	India is to the north, east and west to Bangladesh.
'আজ রাত' বোঝাতে Night এর পূর্বে to বসে	Ripon will come tonight.

□ AT এর ব্যবহার :

তুলনামূলক ভাবে ছোট স্থান ও নির্দিষ্ট কোনো স্থির বিন্দু বোঝাতে	He lives at Mirpur in Dhaka. Look up the word at page 30.
Point of time বোঝাতে	at night, at morning, at noon, at dawn, at 7.00 am, at 5.00 pm.
মূল্য বোঝাতে	Rice sells at 25 taka per kg.
দক্ষতা প্রকাশে	Labony is good at English.
বয়স বোঝাতে	He came to the orphanage at the age of four.
মাত্রা বোঝাতে	The car runs at 100 miles per hour.
দায়িত্ব বোঝাতে	I will do it at my risk.
চরম অবস্থা বা সীমা প্রকাশের ক্ষেত্রে	At first, at last, at best, at worst.
কাজের মধ্যে থাকা বোঝাতে	He is now at work.

Note নিম্নোক্ত শব্দগুলোর পূর্বে সাধারণত At ব্যবহৃত হয়।

At night, at Christmas, at present, at moment, at the same time, at the bus stop, at reception at the door, at the window, at the bottom, at the 2 pm, at the end, at a concert, at a football match, at the meeting, at a conference, at sea (= on a voyage), at home, at work, at university, at college, at the age of 15, at 80 degrees, at 8 miles per hour, at the front/at the back of a building/theater/group of people etc.

□ On এর ব্যবহার:

ভলের উপর লেগে থাকা বা সংলগ্ন বোঝাতে	The book is on the table.
তারিখ বা দিনের পূর্বে বসে	Beauty arrived on 23 July.
কোনো কিছু সম্পর্কে বোঝাতে	Sujan will deliver his speech on John Keats.
নির্ভরশীলতা বোঝাতে	The cow lives on grass.
উপলক্ষ বোঝাতে	We attended on his marriage ceremony.
দায়িত্বে থাকা বোঝাতে	Manoj is on duty.
নিজের পায়ে পথ চলা বোঝাতে	Biplob came here on foot.
বেতনের পূর্বে বসে	I am working here on payment.
মতামত বোঝাতে	I don't know his opinion on the matter.
যাত্রার জন্য তৈরি হওয়া বোঝাতে	The passengers are waiting on board.
পক্ষে কাজ করা বোঝাতে	Akram is on the committee.
অনুসারে/ফলে	I did it on your advice.
দিন বুঝাতে	Shahjada will go to Botanical garden on Sunday

Note নিম্নে প্রদত্ত কিছু গুরুত্বপূর্ণ শব্দগুলোর পূর্বে on বসে :

on street/street/corner/coast/river/ a ship/ a plane/a train; on his birthday, on Sunday, on February 21, on holiday, on time, on an island, on a page, on the floor, on his nose, on the table, on the door, on the wall, on the bottle, on the left-hand side, on the right, on the ground floor, on a menu, on a list, on a map, on a farm, on a river, on a road, on a bus, on a bike, on a horse, on a tour, on television, on the radio, on a diet, on fire, on strike, on the phone/telephone.

□ In এর ব্যবহার:

অপেক্ষাকৃত বড় স্থানের পূর্বে	Nadim lives at Gulshan in Dhaka.
সীমানা বোঝাতে	We were playing in the field.
কোনো সময়ের মধ্যে বোঝাতে	He will reach in time.
অবস্থা বোঝাতে	His health is in bad condition.
সজ্জিত হওয়া বা সাজানো অর্থে	They all are in line.
কোন ব্যক্তির মধ্যে বোঝাতে	We must start the journey of refinement in us.
ঘরের ভেতর সাদামাটা অবস্থান বোঝাতে	Father is in the room.

□ Under এর ব্যবহার :

ঢেকে থাকা নিচে বোঝাতে	The gold is under the cover.
কোনো কিছুর নিচে বোঝাতে	She kept the bag under the table.
কারো অধীনে কাজ করা	He works under me.
কোনো অবস্থায় থাকা অর্থে	Try to keep the naughty man under control.
কম বোঝাতে	He is under 20 years.
শাসনামল বোঝাতে	We were under British rule for 200 years.
প্রক্রিয়াধীন বোঝাতে	Your proposal is under consideration.
আয়ত্তে আসা বোঝাতে	The situation is under control of the police.

Of এর ব্যবহার:

মালিকানা বা অধিকার বোঝাতে	This is the house of lords.
কোনো কিছু হতে সৃষ্টি বা রচিত বোঝাতে	This house is made of red bricks. This is a song of Lalon Shah.
সমষ্টির মধ্যে একটি বা একাধিক বোঝাতে	I want one of these oranges.
উৎস বোঝাতে	The mango of Rajshahi is famous.
উদ্ভূত বোঝাতে	Tanvir comes of a noble family.
একই জিনিসের অভিন্নতা বোঝাতে	He died at the age of sixty.

For এর ব্যবহার:

জন্যে অর্থে	Navid came here for once.
সময়ের ব্যক্তি বোঝাতে	Hasan has been suffering for five days.
কারো পক্ষ নেয়া বোঝাতে	Belal is for me in the verdict.
বিনিময় বুঝাতে	I have bought it for ten taka.
কারণ অর্থে	Anik could not go out for rain.
উদ্দেশ্য বা দিকে বোঝাতে	The ship started for Islamabad.
প্রতীক বা প্রতিনিধি উপস্থাপন অর্থে	What does the blue stand for?

Over এর ব্যবহার:

ধরাছোঁয়ার বাহিরে বা উপরে বোঝাতে	The plane flew over the tower.
স্পর্শ করছেন এমন বোঝাতে	The bell is hanging over the head.
একপাশ থেকে অন্যপাশে বোঝাতে	I jumped over the bench.
অতিরিক্ত কিছু বোঝাতে	I think, it is an excess of over marking.
সমগ্র অবস্থা বোঝাতে	English is spoken all over the world.

By এর ব্যবহার

কোন কিছু বা কারো দ্বারা সম্পন্ন বোঝাতে	It was done by Rahim.
পাশে বোঝাতে	Nilkhet is by our university.
নির্দিষ্ট সময়ের আগেই বুঝাতে	He will come by 10 P.M.
শপথ বুঝাতে	He swore by Allah that he would not steal anymore.
নিজে নিজে অর্থে	She lives by herself.
পরিমাপ বুঝাতে	The flat is 30 feet by 40 feet.
অবস্থান বুঝাতে	He is a lawyer by profession.
ধারাবাহিকতা বোঝাতে	Sujan is improving day by day.

Off এর ব্যবহার: Off মূলত Adverb হিসেবে ব্যবহৃত হয়। তবে এখানে Preposition হিসেবে কিছু ব্যবহার দেখানো হল।

কাছাকাছি ঘেঁষে নয়, দূরে এ রকম বোঝাতে	Take the chair off the room, Keep off the plant.
বিচ্ছিন্নতা বা বিচ্যুতি বোঝাতে	Take the shoes off your feet. Get the spot off your dream.
অসন্তোষ বোঝাতে	The patient is off his meals. For some reasons, he is off his jovial mood.
সমুদ্রের কাছাকাছি	We went off the shore.

About এর ব্যবহার:

কোনো বিষয়ে বা কোনো কিছু সম্বন্ধে কিছু বলা বা করা অর্থে	I am telling you about my career. Let us talk about our business.
প্রায় অর্থে	He is about to rise feet. I need about 50 thousand taka.
চারদিকে অর্থে	There is a lake about the locality. Wrap the pieces of cloth about my finger.
সময়ের সম্ভাব্যতা বোঝাতে	It is about two O'clock. The bus will start about now.
উপলক্ষ্য বা উদ্দেশ্য বোঝাতে	She came to my house about that matter

After এর ব্যবহার:

পরে ঘটে এ রকম অর্থে	Where will you go after dinner? He will meet me after his lunch.
পিছু নেওয়া বা ধাওয়া করা অর্থে	We ran after the thief. Do not hanker after money.
পরিকল্পনা, ধরন বা অন্য কিছু অনুসরণ বোঝাতে	The museum is built after my design. This pen was bought after my choice. He is named after his father.
ধারাবাহিকতা বোঝাতে	We entered one after another.

□ **Before** এর ব্যবহার:

কোন সময় বা ধারার আগে ঘটে এরকম বোঝাতে	He passed SSC examination before 1992. Your turn will come before me.
সম্মুখে বোঝাতে	He stood before me. He fainted before me.
অধিকতর গুরুত্ব বোঝাতে	He always emphasizes hard work before brain. We want prevention before cure.
বিবেচনায় আনা বোঝাতে	He put the proposal before our chairman.

□ **Behind** এর ব্যবহার:

পিছনে অর্থে	He came behind you. He shouted from behind the wall.
অসাক্ষাতে	You curse him behind the back
বিলম্ব অর্থে	You are behind me.
সমর্থন বা সাহস বোঝাতে	Don't get frightened, we are behind you.

□ **Below** এর ব্যবহার:

কোনো পর্যায়ের নিচে বোঝাতে	They live below the middle class.
নির্দিষ্ট পরিমাণ বা সংখ্যার কম বোঝাতে	Milon got below 40% marks in English.

□ **With** এর ব্যবহার:

কোনো ব্যক্তির সাথে বোঝাতে	She lives with her parents. I spent the vacation with my friends.
কাজের কোনো উপকরণ বোঝাতে	Don't play with fire. I write everything with this pen.
সত্ত্বেও অর্থে	With all his learning, he is dishonest.
বস্তুবাচক বা শব্দবাচক অবস্থা প্রকাশ করতে	He looked at her with fixed eyes. He works with confidence.
পক্ষে বা বিপক্ষে বোঝাতে	Babar fought with Ibrahim Lodi. Bahram Khan was always with Akbor.
উপর অর্থে	Milon is angry with Asma.
কোনো বিষয়ে বা ব্যাপার বোঝাতে	Be careful with Knife.

□ **Along** এর ব্যবহার: Along অর্থ বরাবর।

এটি স্থান এবং দূরত্বের সাথে সম্পর্ক যুক্ত	Go along this road.
---	---------------------

□ **Around/ Round** এর ব্যবহার:

চারিদিক বুঝাতে	Walk around the field.
----------------	------------------------

□ **But** এর ব্যবহার: But মূলত conjunction তরুও but preposition হিসেবে ব্যবহৃত হয়।

অনেক সময় ছাড়া বা ব্যতীত অর্থে	I gave him nothing but this pencil.
---------------------------------	-------------------------------------

□ **Beside** এর ব্যবহার:

পাশে বুঝাতে	She sat beside me.
-------------	--------------------

□ **Besides** এর ব্যবহার:

এছাড়াও বুঝাতে	I have another pen besides this.
----------------	----------------------------------

□ **Behind** এর ব্যবহার:

সমর্থন বা পিছনে অর্থে	Russell shouted from behind the door.
-----------------------	---------------------------------------

□ **During** এর ব্যবহার:

চলমান সময় বোঝাতে	We are going to arrange a picnic during winter vacation.
-------------------	--

□ **Out** এর ব্যবহার:

ভিতর থেকে বাইরে গতিশীল বুঝাতে	The rat went out of the door.
-------------------------------	-------------------------------

□ **Up** এর ব্যবহার:

নিচ থেকে উপরের দিকে বুঝাতে	He climbed up the tree.
----------------------------	-------------------------

□ **Down** এর ব্যবহার:

উপর থেকে নিচের দিকে বুঝাতে	He fell down from the tree.
----------------------------	-----------------------------

☐ **Through এর ব্যবহার:**

ভিতর দিয়ে বুঝাতে

He will go through the forest.

☐ **Than এর ব্যবহার:** Than মূলত Conjunction. তবুও preposition হিসেবে ব্যবহৃত হতে পারে।

বিভিন্ন কিছু সাথে তুলনা বুঝাতে

ব্যক্তি/ছাড়া অর্থে

He was much smaller than his son.

☐ **Into এর ব্যবহার:**

বাহিরে হতে ভেতরের দিকে বুঝাতে

ভদস্ত অর্থে

He went into the room.

The police is looking into the case.

☐ **Within এর ব্যবহার:**

নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাতে

I can solve the problem within an hour.

☐ **Between এর ব্যবহার:**

দুই জন ব্যক্তি বা বস্তু মध्ये বুঝাতে

Divide the mangoes between the two boys.

☐ **Beneath এর ব্যবহার:**

নিচে বুঝাতে

You may see many villages beneath the hills.

Prepositional Phrase

একাধিক word যখন preposition যোগে গঠিত হয় তখন তাকে Prepositional phrase বলে।

➤ **Prepositional phrase চেনার উপায়:**

- (i) Prepositional phrase এ verb ও subject থাকে না।
- (ii) সাধারণত একটি noun, একটি preposition এবং একটি pronoun এর সমন্বয়ে গঠিত হয়।
- (iii) Prepositional phrase সব সময় object কে follow করে।
- (iv) অনেক ক্ষেত্রে prepositional phrase adjective হিসাবে preposition ও object এর মধ্যে বসে।
- (v) কিছু ক্ষেত্রে prepositional phrase noun ও pronoun কে modify করে adjective হিসাবে বসে।
- (vi) তবে prepositional phrase adverb হিসাবে বসে adverb ও adverb clause (whether, when, how, although, wherever, in case etc.) এর মতো adjective, verb ও অন্য adverb গুলো কে modify করে।

☐ **Example of Prepositional Phrase:**

As to (সম্বন্ধে)	As a result of (এর ফলে)	At home in (দক্ষ)
By dint of (সাহায্যে)	At the top of (সর্বোচ্চ মাত্রায়)	Because of (জন্যে)
By way of (কথা প্রসঙ্গে)	By force of (বলপূর্বক)	By means of (উপায়ে/দিয়ে)
For fear of (ভয়ে)	By virtue of (কারণে/দরুন)	For the sake of (জন্য)
In search of (অনুসন্ধানে)	For want of (অভাবের কারণে)	For the loss of (ক্ষতির কারণে)
In course of (পথে বা প্রক্রিয়ায়)	In consequence of (ফলশ্রুতিতে/ ফলে)	In the event of (পরিণাম হিসাবে)
In lieu of (স্থানে/ পরিবর্তে)	Incomparisonto (অপেক্ষা/তুলনায়)	In compliance with (ইচ্ছানুসারে)
In quest of (সন্ধানে)	In order to (উদ্দেশ্যে)	In place of (পরিবর্তে)
In accordance with (অনুসারে)	In respect of (বিবেচনায়)	In regard to (সম্বন্ধে)
In pursuance of (অনুসারে)	In case of (যদি/সেক্ষেত্রে)	By the side of (পাশে)
In the midst of (মধ্যে)	In propotion to (সমমানের)	For the purpose of (উদ্দেশ্যে)
In spite of (সত্ত্বেও)	In memory of (স্মরণে)	In the nick of time (যথা সময়ে)
In view of (বিবেচনায়)	Instead of (পরিবর্তে)	In the teeth of (বাধা সত্ত্বেও)
On the ground of (কারণ/মুক্তিদেখিয়ে)	On account of (কারণে)	On the brink of (মুখে)
In defense of (পক্ষে)	On the part of (ক্ষেত্রে)	On the point of (প্রায় ঘটছে এমন)
On behalf of (পক্ষে)	In favour of (জন্য/পক্ষে)	In front of (সম্মুখে)
On the pretense of (নামে, ছলে)	On the eve of (প্রাক মুহূর্তে)	In unison with (মিলসম্পন্ন)
In the guise of (ছদ্মবেশে)	Owing to (কারণে)	In the face of (পরিবেষ্টিত)
With a view to (পরিশ্রদ্ধিতে)	In the hope of (আশায়)	With an eye to (উদ্দেশ্যে)
Without the consent of (সম্মতি ছাড়াই)	With reference to (বিষয়ে)	Under cover of (গুণ্ড)

Exceptional Rules

□ নিম্নলিখিত word বা শব্দের পর কোনো preposition বসে না।

announce	concern	enter	order	answer	contemplate	join	pick
ascend	contradict	investigate	regret	attack	describe	inform	request
comprise	discuss	love	resign	confuse	emphasise	meet	sign

Rule-1: শূন্যস্থানের পরের শব্দ verb এর present form (base form) হলে শূন্যস্থানে বসে।

Rule-2: স্বভাবত but conjunction হলেও ব্যতীত/ছাড়া অর্থে কিছু ক্ষেত্রে preposition হিসাবে বসে। Ex: We were never anything but poor.

Rule-3: কিছু ক্ষেত্রে preposition এর অতিরিক্ত ব্যবহারের প্রয়োজন নেই। Ex: Off of/off, Meet up with/meet, Where are they at?/Where are they?

Rule-4: কিছু ক্ষেত্রে preposition অপ্রয়োজনীয়।

Ex: Inside/outside, upstairs/ downstairs, uptown/ downtown.

Rule-5: যখন কোনো কিছুর সাথে তুলনা করা হয় একই preposition দুইবার বসে না।

Ex: The climate in the United states is much different than Norway. (Norway এর পূর্বে in বসেনি)

Rule-6: দুটি phrase এর মধ্যে দ্বিতীয় phrase টি যদি আলাদা preposition নির্দেশ করে সেক্ষেত্রে preposition আলাদা হবে।

Ex: We drove to the beach and swam in the ocean.

Rule-7: যদিও বাক্যের শেষে preposition এর ব্যবহার যথাযথ নয় কিছু কিছু ক্ষেত্রে (every day use) ব্যবহার করা হয়।

Ex: As Winston Churchill said, "This is kind of thing up with which I will not put!"

Appropriate Prepositions

A

Abide by (মেনে চলা)- You should abide by your parents.

Abide with (সঙ্গে থাকা)- Runa abides with me.

Abound in (খুব পরিমাণে বিদ্যমান থাকা) - Hilsha fish abounds in the Padma.

Abound with (কোন কিছু দ্বারা পূর্ণ) - Padma abounds with Hilsha.

Absorbed in (নিমগ্ন) - He is absorbed in story reading.

Absent from (অনুপস্থিত) - He was absent from last sunday.

Abstain from (বিরত থাকা) - Everyone should abstain from corruption.

Abhorrent to (ঘৃণা) - Drinking is abhorrent to me.

Accuse of (অভিযোগ করা) - He was accused of theft.

Access to (নিকটে যাবার অধিকার) - We have easy access to our minister.

Accommodate to (স্থান ঝাওয়ানো) - You should accommodate yourself to any circumstance.

Accompanied by (সাথে নিয়ে) - The politician joined the meeting accompanied by his supporters.

Accomplished in (দক্ষ) - The boy is accomplished in painting.

According to (অনুসারে) - He acted according to my advice.

Account for (কোনো কিছুর জন্য কৈফিয়ত দেওয়া) - We shall have to account to God for our deeds.

Acquiesce in (রাজি হওয়া) - They acquiesced in the proposal.

Accustomed to (অভ্যস্ত) - Jerry was accustomed to hard work.

Add to (যোগ দেয়া) - Add this to that.

Addicted to (খারাপ কাজে আসক্ত) - He is addicted to gambling.

Adjacent to (সংলগ্ন) - His house is adjacent to mine.

Adapted from (গৃহীত) - The story is adapted from 'Gulliver's Travels'.

Adequate for (পর্যাপ্ত) - This little amount of money is adequate for my purpose.

Admit to (ভর্তি হওয়া) - I was admitted to Dhaka City College.

Affectionate to, towards (স্নেহ পরায়ণ) - He is affectionate to or towards me.

Affix to, on (সংযুক্ত করা) - Affix this stamp to or on the letter.

Afraid of (ভীত) - He is not afraid of anybody.

Agree with (ব্যক্তির সাথে রাজি হওয়া) - I agreed with him.

Agree to (কোনো প্রস্তাবে রাজি হওয়া) - I cannot agree to your proposal.

Agree on (কোনো বিষয়ে রাজি হওয়া) - I can agree with you on this point.

Argue with (তর্ক করা) - Students should not argue with their teachers.

Agreeable to (উপযোগী) - The climate of the place is agreeable to me.

Angry with (রাগান্বিত হওয়া) - He is angry with me for my late coming.

Angry for (কোনো কিছু করার জন্য রাগান্বিত) - He is angry for not getting any help from me.

Angry at, about (a thing) (রাগান্বিত) - He is angry at/about my failure.

Ambition for (উচ্চাকাঙ্ক্ষা) - I have no ambition for fame.

Amenable to (অনুগত) - The lady is not amenable to reason.

Ambitious of (উচ্চাভিলাষী) - I am not ambitious of fame.

Amount to (পরিমাণ হওয়া) - What does the total amount to?

Alternate with (পর্যায়ক্রমে ঘটা) - Light alternates with darkness.

Alternative to (পরিবর্তে, বিকল্প) - This question is alternative to that.

Allude to (উল্লেখ করা) - He alluded to the story in his writing.

Allocate to (বরাদ্দ করা) - The money was allocated to the club for social work.

Alive to (জ্ঞাত বা অবগত) - Politician are not always alive to his flatterers.

Allegiance to (আনুগত্য) - One must show allegiance to one's leader.

Alarmed for (উদ্ভিগ্ন) - He is alarmed for my safety.

Aim at (লক্ষ্য করা) - The police aimed at the robber.

Ahead of (সামনে) - Mr. Amin reached here much ahead of the scheduled time.

Annoyed (কারো প্রতি বিরক্ত) with (a person) - He was annoyed with me.

Anxious about (চিন্তিত, উদ্ভিগ্ন) - Students are anxious about their results.

Annoyed for (কোনো কিছু করার জন্য কারো প্রতি বিরক্ত) - He was annoyed with me for my going there.

- JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
- Answer to (উত্তর দেওয়া) – He answered to my questions.**
- Answer for (কোনো কিছুর জন্যে জবাবদিহি করা) – We are to answer to God for our actions.**
- Antecedent (adj.) to (পূর্ববর্তী) – Happenings antecedent to his disappearance are being examined.**
- Antecedent (noun) of (পূর্বপরিচয়) – The antecedents of the person are not known to me.**
- Anxious for (উদ্বিগ্ন) – I am anxious for (earnestly desirous of) the prize.**
- Apologize to (কারো কাছে ক্ষমা চাওয়া) – The student apologized to the principal for his misbehavior.**
- Apologize for (কোনো কিছুর জন্যে ক্ষমা চাওয়া) – The student apologized to the principal for his misbehavior.**
- Appendix to (পরিশিষ্ট) – Please look at the appendix to the main chapter.**
- Apply for (দরখাস্ত করা) – I applied to him for the post.**
- Apply to (কারো কাছে আবেদন করা) – I applied to him for the post.**
- Apprised of (জ্ঞাত) – We were duly apprised of the matter.**
- Appear before (হাজির হওয়া) – It appears before me that he is innocent.**
- Appear to (প্রতীয়মান হওয়া) – It appears to me that he is innocent.**
- Appear in (প্রকাশিত হওয়া) – The news appeared in the Ittefaq.**
- Attain to (অর্জন করা/লাভ করা) – He attained to greatness by dint of perseverance**
- Attend to (মনোযোগ দেওয়া) – Students should attend to their lessons.**
- Attend at (গমন করা) – He does not attend at his office in time.**
- Attentive to (মনোযোগী) – Students should be attentive to their lessons.**
- Appeal for (কোনো কিছু করার জন্য আবেদন করা) – I appealed to him for help.**
- Apology for (ক্ষমা প্রার্থনা) – The student had to apology to the teacher for his misbehavior.**
- Appropriate to (উপযুক্ত) – His remark was appropriate to the occasion.**
- Appetite for (ক্ষুধা) – I have no appetite for food.**
- Apprise of (জ্ঞাত করা) – I would like to apprise you of the fact.**
- Aptitude for (বুদ্ধি, প্রবণতা) – The girl has a great aptitude for music.**
- Argue against, off, for (something) (যুক্তি প্রদর্শন করা) – He argued against (or for) the bill.**
- Ashamed of (লজ্জিত) – I am ashamed of his conduct.**
- Astonished at (বিশ্মিত) – The authoress was astonished at Jerry's integrity.**
- Assure of (নিশ্চিত করা) – I assured him of my help.**
- Associated with (কারো সাথে জড়িত) – He was associated with you in the plot.**
- Attach to (জুড়ে দেওয়া) – I attached the documents to the application.**
- Attend on (সেবা করা) – A nurse attends on patients.**
- Appoint to (নিয়োগ করা) – The principal appointed him to the post.**
- Ask for (কারো কাছে কোনো কিছু চাওয়া) – I asked for a boy to chop wood.**
- Authority on (কিছুতে বিশেষজ্ঞ) – Dr. Shahidullah had authority on Bengali language.**
- Authority for (অধিকার) – What is your authority for such a statement?**
- Authority to (ক্ষমতা) – Only the secretary has authority to make payments.**
- Attune to (নিয়ম) – Their minds were attuned to the music.**
- Aversion to (বিতর্ষণ) – I have a great aversion to smoking.**
- Avail of (সুযোগ লওয়া) – (oneself) of – I availed myself of the opportunity.**
- Available to (সহজে পাওয়া যায়) – This product is now available here.**
- Aware of (অবগত) – He is aware of the fact.**
- Adapt to (sth) (খাপ খাওয়ানো) – He cannot adapt to new situations.**
- Allergic to (sth) (ভীষণ অপছন্দ) – Lots of people are allergic to smoking.**
- Answerable to (কেন্দ্রীয়ত দিতে দায়বদ্ধ) – I am not answerable to anyone for my business.**
- Apart from (আলাদা) – He has never been apart from his mother.**
- Arrive at (পৌছানো) – The leader arrived at a decision at last.**
- Ascend to (আরোহণ করা) – The divers have begun to ascend to the surface of the water.**
- At the bottom (নিচে) – The teacher asked the students to do exercise at the bottom of the page.**
- At the sight of (দর্শনে) – I was horrified at the sight of too much distress.**

EXERCISE

01. She has no ambition — name and fame.
 (A) for (B) After
 (C) on (D) in
Explanation উচ্চাকাঙ্ক্ষা বোঝাতে ambition for বা ambitious of বসে।
02. Apart — cartoon, he does not watch TV.
 (A) to (B) of
 (C) on (D) from
Explanation ব্যতীত/ছাড়া অর্থে apart from/ except for হয়।
03. A large number colleges affiliated — the University of Dhaka.
 (A) from (B) into
 (C) with (D) into
Explanation কোনো কিছুর শাখারূপে অন্তর্ভুক্ত হলে affiliated with. রোগে আক্রান্ত হওয়া বোঝালে afflicted with, মৃত্যুতে শোকাহত বোঝাতে afflicted to হয়।
04. He has no aptitude — music.
 (A) to (B) for (C) of (D) against
Explanation কোনো কিছুতে দক্ষতা বুঝাতে aptitude for বসে।
05. Nothing Can absolve you — the promise you have made.
 (A) from (B) in (C) for (D) with
Explanation দোষ থেকে মুক্তি বুঝাতে absolve from.
06. He will account — the loss.
 (A) of (B) of (C) for (D) about
Explanation কোনো কাজে দায়ী করা বোঝালে account for, ব্যাংকে হিসাব থাকা বুঝালে account with, জমা রাখা অর্থে account to হয়।
07. She is alive — my danger.
 (A) on (B) with (C) to (D) of
Explanation Alive to/ aware of অর্থ সচেতন হওয়া।
08. People who are averese — hard work generally do not succeed in life.
 (A) by (B) to (C) in (D) for
Explanation Averse to বিরাগী বা অনীহা বুঝাতে বসে।
09. keep yourself aloof — bad company
 (A) from (B) in (C) to (D) at
Explanation Aloof from বিরত থাকা।

B

- Baffled by** (হতভম্ব হওয়া) – He is baffled by his behaviour.
- Ban** (noun) on (নিষেধ) – There is a ban on the film.
- Ban** (verb) from (নিষেধ করা) – He was banned from entering the club.
- Bare of** (খালি/শূন্য) – The field is bare of trees.
- Bark at** (ঘেউ ঘেউ করা) – The dog always barks at a stranger.
- Based on** (ভিত্তি উপর প্রতিষ্ঠিত) – His allegation was based on facts.
- Behave towards** (ব্যবহার করা) – Behave kindly towards the poor.
- Belong to** (অধিকারী হওয়া) – This book belongs to me.
- Bent upon/ on** (সংকল্পবদ্ধ) – He is bent on taking revenge.
- Bent for** (ইচ্ছা, দক্ষতা) – Ruma has bent for singing.
- Beware of** (সতর্ক হওয়া) – Beware of thieves.
- Beg of** (মিনতি করা) – I beg mercy of the principal.
- Beg for** (ভিক্ষা করা) – The poor beg for alms of the rich.
- Believe in** (বিশ্বাস করা) – I do not believe in overloading my stomach.
- Beneficial to** (উপকারী) – Morning walk is beneficial to health.
- Bestow on** (প্রদান করা) – God bestows his mercy on us.
- Bias** (পক্ষপাতিত্ব, বোঁক) against/ towards – I have no bias (prejudice) against him (or towards anything particular).
- Blush with** (আরক্তিম-বদন হওয়া) – He blushed with shame at his own mistake.
- Blessed with** (আশীর্বাদপূর্ণ) – He is blessed with a daughter.
- Blind of** (অন্ধ) – The man is blind of one eye.
- Blind to** (বিচার করতে অসমর্থ) – He is blind to his son's fault.
- Boast of** (দম্ব করা) – He boasts of his riches.
- Born in** (জন্ম) – I was born in Khulna.
- Born of** (জাত) – I was born of a middle class family.
- Born to** (জন্ম দেওয়া) – A female child was born to her.
- Borrow from** (ধার নেওয়া) – He borrowed a book from his friend.
- Bound for** (গমনরত) – The ship is bound for London.
- Bow to** (নত হওয়া) – You should bow to your superiors.
- Burdened with** (ভারাক্রান্ত) – Jim was burdened with a family.
- Busy at** (ব্যস্ত) – The student is busy at this desk.
- Burst into** (কান্নায় ভেসে পড়া) – Suddenly, he burst into tears.
- Burst out** (হাসিতে ফেটে পড়া) – They burst out into a laugh hearing my jokes.
- Busy in** (নিজেকে নিয়োজিত করা) – He is busy in doing his work.
- Busy with** (নির্দিষ্ট কোনো কিছুতে ব্যস্ত) – He is busy with his lessons.
- Busy about** (ব্যস্ত) – He is always busy about nothing.
- Below poverty line** (দারিদ্র্য সীমার নিচে) – Most people in Bangladesh live below poverty line.
- Break in** (কথার মাঝে কথা বলা) – It's impolite to break in when someone else is talking.
- By heart** (মুখস্থ) – He learnt the poem by heart.

EXERCISE

01. This book belongs — me.
 A in B from C after D to
 D Explanation Belong to অধিকার থাকা অর্থে বসে।
02. Do not boast — your wealth.
 A for B of C to D with
 B Explanation Boast of - অহংকার / গর্ব করা।
03. Do not brood — your mistakes.
 A on B at C of D about
 A Explanation Brood on, over- মন খারাপ করা।
04. He makes a living by begging — door to door.
 A from B by C out D into
 A Explanation কোনো কিছু চাওয়া (অন্ন, বাসস্থান, টাকা ইত্যাদি) অর্থাৎ beg for/from/of ব্যবহৃত হয়।
05. Men is born — rule.
 A in B of C with D to
 D Explanation Born to- নির্দিষ্টভাবে প্রশিক্ষণ প্রাপ্ত।

C

- Capable of** (সক্ষম) – He is capable of solving the problem.
- Care for** (গ্রাহ্য করা) – He does not very care for anybody.
- Care of** (যত্ন) – We should take care of our health.
- Callous to** (উদাসীন) – We should not be callous to the sufferings of the poor.
- Capacity for** (দক্ষতা) – We should have capacity for hard work.
- Cause for** (কারণ, ভবিষ্যৎ ঘটনার জন্য) – There is no cause for anxiety.
- Cause of** (কারণ) – What was the cause of this accident?
- Certain of, about** (নিশ্চিত) – He is certain of passing the examination.
- Certificate of** (প্রত্যয়ন পত্র) – I want a certificate of experience.
- Characteristic of** (বৈশিষ্ট্য) – Honesty is the characteristic of his work.
- Charge to** (দাবি করা) – He charged the price to me.
- Charge against** (কাহারও বিরুদ্ধে অভিযোগ) – He brought a charge against me.
- Charge on** (অভিযুক্ত করা) – The murder was charged on the innocent man.
- Cheat of** (প্রতারণা করা) – He was cheated of his dues.
- Clear of** (মুক্ত) – We should always be clear of our debts.
- Clothed with** (সজ্জিত) – Clothed with glory he stood up in the meeting.
- Clue to** (সূত্র) – I found a clue to the mystery.
- Collaborate with** (a person), in or on (something) (সহযোগিতা করা) – The people collaborated with the police in rounding up the dacoits (ডাকাতদল)।
- Compatible with** (সঙ্গতিপূর্ণ) – You should drive the car at a speed compatible with safety.
- Coincide with** (মিলে যাওয়া) – His opinion coincided with me.
- Compare with** (একই জাতীয় জিনিসের তুলনা করা) – Nazrul can be compared with Shelley.
- Compare to** (অসম বস্তুর তুলনা করা) – Log may be compared to flowers.
- Comment on** (মন্তব্য করা) – He commented on the lecture.
- Common to** (সাধারণ) – Death is common to all.
- Commence on** (শুরু হওয়া) – Our examination will commence on Monday.
- Compensate for** (ক্ষতিপূরণ করা) – He will compensate for the loss.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Competent for (উপযুক্ত, দক্ষ) – He is competent for the post.
Complain to (কারো কাছে অভিযোগ করা) – The teacher complained to the principal against the unruly students.
Comply with (সম্মত হওয়া) – He complied with my request.
Composed of (গঠিত) – Water is composed of oxygen and hydrogen.
Conceive of (চিন্তা করা) – I could not conceive of dishonesty in him.
Concentrate on (মনোযোগ দেয়া) – At last, the unruly boy concentrated on his studies.
Concerned in (সংশ্লিষ্ট) – He is not concerned in the matter.
Conclusion of (উপসংহার) – People clapped at the conclusion of the play.
Concur with (ব্যক্তির সাথে একমত হওয়া) – The manager concurred with the decision of the client.
Condole with, on (সমবেদনা প্রকাশ করা) – I condole with you on his father's death.
Confess to (স্বীকার করা) – He confessed to the crime.
Confide in (বিশ্বাস করা) – I can confide in you.
Confident of (আত্মবিশ্বাসী) – I am confident of success.
Conform with (মিল থাকা) – His work conforms with the rules.
Conform to (মেনে চলা) – We are conforming to the regulations.
Confuse with (ভালগোল পাকানো) – Do not confuse with the facts.
Conceal from (লুকানো) – The criminal concealed many things from the police officer.
Congratulate on (অভিনন্দন জ্ঞাপন করা) – The teacher congratulated the students on their bright result.
Conscious of (সচেতন) – I am conscious of my duties and responsibilities.
Consist of (গঠিত) – The committee consists of ten members.
Consist in (নিহিত হওয়া) – True happiness consists in contentment.
Consistent with (সামঞ্জস্যপূর্ণ) – His words were not consistent with his actions.
Consolidate for (একত্রিত হওয়া) – The two companies consolidated for greater efficiency.
Contemporary of (সমসাময়িক) – Nazrul was contemporary of Tagore.
Contrary to (বিরুদ্ধ) – The student acted contrary to his teacher's direction.
Contrast to (বৈসাদৃশ্য) – His action shows a contrast to his profession.
Contrast with (বৈসাদৃশ্য দেখানো) – He drew a Nazrul contrast with Tagore.
Contribute to (সাহায্য করা) – I contributed a good amount to the flood affected area.

Converse with (আলাপ-আলোচনা করা) – I conversed with him on our national problems.
Convict of (অপরাধী বলে রায় দেয়া) – The criminal was convicted of murder.
Cope with (কটিয়ে উঠা) – I attempted to cope with the new environment.
Count for (বিবেচিত হওয়া) – His father's advice counts for nothing on him.
Credit to (জমা করা) – The manager credited the amount to my account.
Cure of (আরোগ্য হওয়া) – The patient has been cured of his disease.
Cure for (প্রতিকার) – Napa is cure for headache.
Confer with (পরামর্শ করা) – I shall confer with him about your prayer.
Connected with (সম্পর্কিত) – I am connected with that matter.
Connection with (সম্পর্ক) – He has no connection with me.
Consent (verb) to (সম্মতি প্রদান করা) – He consented to my proposal.
Consent to (সম্মতি) – He gave his consent to the marriage.
Conspire with (ষড়যন্ত্র করা) – His enemies conspired with his soldiers to ruin him.
Conspire against (somebody) (কারো বিরুদ্ধে ষড়যন্ত্র করা) – They conspired against the leader.
Consult with (a person) (কারো সাথে পরামর্শ করা) – I consulted with him on or about that matter.
Consult on or about (কোনো বিষয়ে পরামর্শ করা) – I consulted with him on or about the problem.
Contempt for (ঘৃণা) – I have a great contempt for him.
Contented with (ভৃগু) – He is contented with what he has.
Co-operate with (সহযোগিতা করা) – I hope you will co-operate with me in this matter.
Credence to (বিশ্বাস, প্রত্যয়) – I do not give much credence to his report.
Cast aside (ছুড়ে ফেলা) – As soon as he became rich, he cast aside his old friends.
Change into (এক জিনিস হতে অন্য জিনিসে পরিণত করা) – The magician changed the frog into a ball.
Combination of (সমষ্টি) – The combination of Nitrogen and Glycerin poses a potent explosive.
Count upon/on (নির্ভর করা) – I count on your help.
Cruise to (জয়লাভ করা) – The home team cruised to victory.
Curse for (অভিশাপ দেয়া) – He cursed himself for his stupidity.

EXERCISE

01. She is not careful — his money.
 (A) to (B) in (C) at (D) of
 (D) Explanation Careful of- যত্নবান।
02. The school is very close — our house.
 (A) to (B) for (C) with (D) between
 (A) Explanation Close to নিকটে।
03. Water is composed — Hydrozen and Oxygen.
 (A) on (B) for (C) of (D) at
 (C) Explanation গঠন/ভেঁরি অর্থে composed of বসে।
04. His work is contrary — his words.
 (A) with (B) since (C) above (D) to
 (D) Explanation Contrary- বিপরীত।
05. I am confident — success.
 (A) into (B) of (C) on (D) at
 (B) Explanation Confident - স্থির বিশ্বাসী।
06. The program will commence — the 26 march.
 (A) for (B) to (C) on (D) at
 (C) Explanation Commence on- শুরু করা।
07. He craves — wealth.
 (A) for (B) in (C) upon (D) with
 (A) Explanation Crave for- আকাঙ্ক্ষা করা।
08. Find out the clue — the murder mystery.
 (A) of (B) without (C) to (D) about
 (C) Explanation Clue to something কোনো কিছুর সূত্র পাওয়া অর্থে ব্যবহার করা হয়।
09. Your sister will be cured — the disease very soon.
 (A) into (B) out (C) on (D) of
 (D) Explanation Cure of অর্থ আরোগ্য লাভ করা।
10. Rina is not conscious — his weakness.
 (A) to (B) by (C) of (D) after
 (C) Explanation Conscious of সচেতন হওয়া।
11. I do not concur — you — that point.
 (A) with, in (B) with, on (C) on, at (D) at, at
 (B) Explanation কোনো ব্যক্তির সাথে একমত হওয়া বোঝালে concur with, কোনো একক সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে concur in, কোনো বিষয়ে একমত হওয়া বোঝালে concur on হয়।

D

Dawn on (প্রতিভাত হওয়া) – At last the truth dawned on him.
Deal in (ব্যবসা করা) – He deals in rice.
Deal with (ব্যবহার করা) – He does not know how to deal with a person.
Decide upon (ছির করা) – The boy has not decided upon his programmer.
Decide against (বিরুদ্ধে সিদ্ধান্ত নেয়া) – The judgment was decided against the innocent boy.
Dedicate to (উৎসর্গ করা) – Our principal has dedicated his life to the service to the college.
Defend from (রক্ষা করা) – One should defend oneself from evil temptations.
Defend against (নিরাপত্তা বিধান করা) – We should defend our country against all attacks.
Defer to (মূলতবি রাখা) – The discussion was deferred to the next meeting.
Delete from (বাদ দেয়া) – The book was deleted from the list.
Delegate to (ন্যস্ত করা) – The power was delegated to the subordinates.
Deliberate upon (discuss) (আলোচনা করা) – We deliberated long upon (considered) the matter.
Delight in (আনন্দিত হওয়া) – I delight in sports and games.
Deficient in (অদক্ষ) – The boy is deficient in English.
Demand for (চাহিদা) – Jerry had no demand for high amount.
Demand from (দাবি করা) – I demanded the amount from him.
Depend upon (নির্ভর করা) – I depended upon his word.
Depute to (প্রতিনিধিত্ব করা) – He was deputed to attend the meeting.
Dependent on (নির্ভরশীল) – Our family is dependent on me.
Deprive of (বঞ্চিত হওয়া) – He was deprived of the property.
Deserve of (যোগ্য হওয়া) – His honesty is deserving of praise.
Despair of (হতাশ হওয়া) – A lazy boy always despairs of success in life.
Descend from (বংশোদ্ভূত) – He claims to have descended from a noble family.
Destitute of (শূন্য) – A street urchin is destitute of wealth.
Destructive of or to (ক্ষতিকারক) – Smoking is destructive of/to wealth.
Detach from (বিচ্ছিন্ন) – He is detached from his family.
Determined on (সংকল্পবদ্ধ) – He is determined on carrying on my studies.
Detrimental to (ক্ষতিজনক) – Smoking is detrimental to health.
Devoid of (বর্জিত) – He is devoid of common sense.
Devote of (নিয়োজিত করা) – The principal devoted all his energy to the welfare of the college.
Descendant of (জাত) – The Mughals claim to be descendants of the Mongolians.
Descend on (আক্রমণ করা) – Armed thieves descended on the harmless travelers.
Desist from (বিরত হওয়া) – He desisted from the temptation.
Die of (কোন রোগে মরা) – He died of cholera.
Die from (কোন কারণে মরা) – He died from overeating.
Die by (আকস্মিক বা ইচ্ছাকৃতভাবে মরা) – He died by suicide.
Die for (স্বাভ্যাগ করা) – We are ready to die for our country.
Differ from (ভিন্ন হওয়া) – The rose differs from marigold.
Differ with (ভিন্নমত পোষণ করা) – I differ with you on this point.

Different from (পৃথক) – This pen is different from that.
Diffident of (সংশয়ী) – A lazy boy is always diffident of success.
Disgrace to (কলংক) – A notorious boy is disgrace to his family.
Disgusted with/at (কারো প্রতি কোন কিছুতে বিরক্ত) – The teacher is disgusted with the student at his misconduct.
Dislike to/for (অপছন্দ) – I have a dislike to evil company.
Displeased with (অসন্তুষ্ট) – The teacher is displeased with the student.
Dispose of (ছেড়ে দেয়া) – The principal ordered the clerk to dispose of the file.
Disqualified for (অনুপযুক্ত) – You are disqualified for the post for your overage.
Dispute with/about or on (বিবাদ) – There is none to dispute with my right.
Dissimilar to (বিসদৃশ) – This pen is dissimilar to that.
Distinguish between (পার্থক্য দেখানো) – Distinguish between the two.
Distinguish from (এক জিনিস হতে অন্য জিনিসের পার্থক্য দেখান) – He tried to distinguish right from wrong.
Distrust of (অবিশ্বাস) – An honest man has no distrust of anyone.
Difference between (পার্থক্য) – What is the difference between the two?
Disappointed at (কোনো কিছুতে হতাশ হওয়া) – He was disappointed at your failure.
Disappointed of (কোনো কিছুর জন্য হতাশ হওয়া) – He was disappointed of the prize.
Disappointed with (কারো সাথে হতাশ হওয়া) – I am disappointed with him.
Disagree with (ভিন্নমত হওয়া) – I disagree with him on that point.
Discriminate (one thing) from (another) (পৃথক করা) – You should discriminate good boys from bad ones.
Divide into (ভাগ করা) – He divided the mangoes into two equal halves.
Discourage from sb from sth (নিরুৎসাহিত করা) – The weather discouraged people from going out.
Divert from (বিমুখ করা) – He diverted me from my purpose.
Divide among (অনেকের মাঝে বন্টন করা) – He divided the mangoes among us.
Divide between (দুইয়ের মাঝে বন্টন করা) – We divided the money between the two children.
Doubt about or of (সন্দেহ) – I have doubt about his success.
Due to (কারণ/প্রাপ্য) – I could not go to college due to my illness.
The prize was due to me.
Dull of (বোধশক্তিহীন) – The boy is dull of hearing.
Dull at (কোঁচা) – He is dull at English.
Dwell in (বাস করা) – The manager dwells in a gorgeous flat.
Dwell upon (আলোচনা করা) – The teacher dwelled upon the subject.

EXERCISE

01. Papi is deaf — one ear.

- A of B on
 C to D from

Explanation Deaf of বধির (কানে শোনে না)। Deaf to কোনো কিছু শুনতে অনিচ্ছুক।

02. This matter is derogatory — my position.

- A of B on
 C to D of

Explanation Derogatory to অর্থে অবমাননাকর/হানিকর।

03. An air of gloom descended — liberal party headquarters.

- A in B on C at D into

Explanation আকস্মিক হামলা করা বুঝালে descend on/ upon হয়।

04. He dreams — running his own business.

- A by B in C of D before

Explanation Dreams of/ about কোনো কিছু নিয়ে স্বপ্ন দেখা।

05. He has no desire — fame.

- A to B of C at D for

Explanation কোনো কিছুর জন্য ইচ্ছা প্রকাশ বুঝাতে desire for বসে।

E

Expose to (অনাবৃত রাখা) – Don't expose the syrup to babies.
Expert at (দক্ষ) – The girl is expert at drawing.
Expert in (দক্ষ) – Mr. Jalil is expert in English.
Excuse from/ of (ক্ষমা করা) – The Headmaster excused him from fine.
Excuse for (কৈফিয়ৎ) – His excuse for his absence was not granted.
Expect from (আশা করা) – I expect a good result from my younger brother.
Exult over (আনন্দ করা) – Don't exult over a defeated foe.
Exclude from (বাদ দেয়া) – He was excluded from the list.
Exclusive of (বাদ দিয়ে) – The rent of the house is five thousand taka exclusive of current bill.
